

আবার এলাম ফিরে

ডঃ মোহাম্মদ আবদুর রায়ক

আবার এলাম ফিরে এই জলসায়,
পুরোনে আসরে;
জানিনা নেবে কি মোরে আপনার করে
তোমাদের রঙের বাসরে।

যখন ছিলাম দুরে, তোমাদের গান
শুনিতে ব্যাকুল ছিল ত্রুটি এ কান;
তোমাদের ভালোবাসা, প্রীতি, মায়াড়োর
এ হৃদয় বেঁধেছিল শরে।

মনে হোত কি যে ছিল যা এখন নেই;
কি যেন হারিয়ে গেছে নেই তার খেই।

তাইতো এলাম ফিরে নিয়ে ফুলড়োর,
স্থান দাও, ফিরায়োনা, খোল খোল দোর।
আমি ফিরে পেতে চাই হারানো সে দিন;
যখন হাসতো রাত ‘চাঁপী পশরে’।

হয়তো পাবেনা খুঁজে পুরোনো আমাকে,
সে আমি হারিয়ে গেছি সময়ের বাঁকে।

কালের খেয়ায় চড়ে সবই বদলায়
ভালোবাসা মরে যায়, গান থেমে যায়
তবু যদি স্থান দাও এ জীবনে যা রয়েছে বাকী
দিয়ে যাবো তোমাদের তরে।

সিডনী
মার্চ ৩১, ২০০৭